



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশা/খুলনা-৩৯/ ২০১৭

তারিখঃ ২১/০১/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ প্রদান প্রসঙ্গে।

- সূত্রঃ ১) স্মারক সংখ্যা: জেশিঅ/খুঃ/তদন্ত/২০১৭/৮৯২; তারিখঃ ০৬.১২.২০১৭খ্রিঃ  
২) নং- বামাশিবো/প্রশা/খুলনা-৩৯/২০১৭/৭; তারিখঃ ০৫/১০/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার সদর উপজেলাধীন দক্ষিণ টুটপাড়া আহমাদিয়া দাখিল মাদরাসার প্রতিষ্ঠাতা সদস্য জনাব মোঃ রুহুল আমিন গত ০৭/০৫/২০১৭খ্রিঃ তারিখে একখানা অভিযোগপত্র অত্র বোর্ডে দাখিল করেন। অভিযোগপত্রে নব গঠিত ম্যানেজিং কমিটিতে তাঁর পরিবর্তে অন্য কাউকে প্রতিষ্ঠাতা সদস্য দেখানো হয়েছে মর্মে উল্লেখ করা হয়।

দাখিলকৃত অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য জেলা শিক্ষা অফিসার, খুলনাকে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে জেলা শিক্ষা অফিসার, খুলনা সূত্রোক্ত ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদনের মন্তব্য অংশে “প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা সদস্য সম্পর্কে কোন সুনির্দিষ্ট তালিকা নেই। মাওলানা আবু সালেহ ৫ বার প্রতিষ্ঠাতা সদস্য ছিলেন। যেহেতু মাওলানা আবু সালেহ মৃত্যুবরণ করেছেন, সেহেতু উক্ত মাদ্রাসার ম্যানেজিং কমিটির নির্বাচনে প্রতিষ্ঠাতা পদ শূন্য রেখে অনুমোদন দেওয়া যেতে পারে” মর্মে উল্লেখ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানের স্বার্থে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান- ৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/১৮২৯/২/নথি নং- খুলনা-৩৯; তারিখঃ ৩০/০৪/২০১৭খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে জনাব মোঃ আঃ লতিফ আকন এর পদ কেন বাতিল করা হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ জনাব মোঃ আঃ লতিফ আকন, প্রতিষ্ঠাতা সদস্য

দক্ষিণ টুটপাড়া আহমাদিয়া দাখিল মাদরাসা, মাদরাসা রোড, শিপইয়ার্ড সদর, খুলনা।

নং- বামাশিবো/প্রশা/খুলনা-৩৯/ ২০১৭

তারিখঃ ২১/০১/২০১৮ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতির জন্য-

১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, খুলনা।
২. জেলা শিক্ষা অফিসার, খুলনা।
৩. সভাপতি, ম্যানেজিং কমিটি, দক্ষিণ টুটপাড়া আহমাদিয়া দাখিল মাদরাসা, মাদরাসা রোড, শিপইয়ার্ড সদর, খুলনা।
৪. সুপার, দক্ষিণ টুটপাড়া আহমাদিয়া দাখিল মাদরাসা, মাদরাসা রোড, শিপইয়ার্ড সদর, খুলনা।
৫. জনাব মোঃ রুহুল আমিন, প্রতিষ্ঠাতা সদস্য, দক্ষিণ টুটপাড়া আহমাদিয়া দাখিল মাদরাসা, মাদরাসা রোড, শিপইয়ার্ড সদর, খুলনা।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪